



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাঝে  
গবেষণা সহযোগিতা সংক্রান্ত সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত



৩১ অক্টোবর -২০২২, সোমবার, বেলা ১২টায় বুয়েট এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়-এর মাঝে গবেষণা সহযোগিতার জন্য সমঝোতা স্মারক চুক্তি (Memorandum of Understanding-MoU) স্বাক্ষর অনুষ্ঠান বুয়েট-এর উপাচার্যের কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

বুয়েট-এর পক্ষে উপাচার্য অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক চুক্তিতে স্বাক্ষর করেন।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মনিরুজ্জামান খন্দকার, রেজিস্ট্রার, প্রক্টর, বিভিন্ন দপ্তরের পরিচালকবৃন্দ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন এবং বুয়েট-এর পুরাকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. আবু সিদ্দিক, ক্যামিকেল ও বস্তু কৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ তামিম, তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী দীন মোহাম্মদ খসরু, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আব্দুর রশিদ, যন্ত্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ এহসান, রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন, RISE-এর পরিচালক উপস্থিত ছিলেন।



এই চুক্তির আওতায় বুয়েট এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের Physical Sciences (ভৌত বিজ্ঞান), Chemical Sciences (রসায়ন বিজ্ঞান), Biological Sciences (জীববিজ্ঞান), Environmental and Earth Sciences (পরিবেশে ও ভূতত্ত্ব বিজ্ঞান) বিষয়ের শিক্ষক ও গবেষক, শিক্ষার্থীরা- গবেষণা প্রকল্প বাস্তবায়ন; প্রযুক্তিগত ও বৈজ্ঞানিক তথ্যের আদান-প্রদান; জার্নালের আদান প্রদান; যৌথ উদ্যোগে বিভিন্ন বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত সেমিনার, সিম্পোজিয়াম ও কনফারেন্সের আয়োজন; উচ্চতর গবেষণার ক্ষেত্রে গবেষক ও শিক্ষার্থীদের পোস্ট গ্র্যাজুয়েট, এম.ফিল ও পিএইচডি ডিগ্রির যৌথ তত্ত্বাবধান; উভয় প্রতিষ্ঠানের রিসোর্স পার্সন, গবেষক ও শিক্ষার্থীদের সংশ্লিষ্ট অত্যাধুনিক গবেষণাগার ব্যবহার; বুয়েট ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গবেষকদের মাঝে নিয়মিত পরিদর্শন; যৌথ প্রকাশনা ও যৌথ প্রকল্পের মাধ্যমে অর্জিত ফলাফলের Patents প্রক্রিয়াকরণ এবং এছাড়া যৌথ উদ্দেশ্য অর্জনে যে কোন সহযোগিতা লাভ করবেন। প্রাথমিক পর্যায়ে এই MoU চুক্তিটি পাঁচ বছরের জন্য বলবৎ থাকবে।